

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০০৯/৩০শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৪ই জুলাই, ২০০৯ (৩০শে আষাঢ়, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ৫৫ নং আইন

**International Crimes (Tribunals) Act, 1973 এর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে **International Crimes (Tribunals) Act, 1973 (Act XIX of 1973)** এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The International Crimes (Tribunals) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

( ৫৬৯৯ )

মূল্য : টাকা ২.০০

২। **Act XIX of 1973 এর section 2 এর সংশোধন**।—International Crimes (Tribunals) Act, 1973 (Act XIX of 1973), অতঃপর উক্ত Act বলিয়া অভিহিত, এর section 2 এর—

(ক) clause (a) এর পর নিম্নরূপ নূতন clause (aa) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“(aa) “armed forces” means the forces raised and maintained under the Army Act, 1952 (XXXIX of 1952), the Air Force Act, 1953 (VI of 1953), or the Navy Ordinance, 1961 (XXXV of 1961);”; এবং

(খ) clause (d) বিলুপ্ত হইবে।

৩। **Act XIX of 1973 এর section 3 এর সংশোধন**।—উক্ত Act এর section 3 এর sub-section (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(1) A Tribunal shall have the power to try and punish any individual or group of individuals, or any member of any armed, defence or auxiliary forces, irrespective of his nationality, who commits or has committed, in the territory of Bangladesh, whether before or after the commencement of this Act, any of the crimes mentioned in sub-section (2).”।

৪। **Act XIX of 1973 এর section 6 এর সংশোধন**।—উক্ত Act এর section 6 এর—

(ক) sub-section (2) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(2) Any person who is a Judge, or is qualified to be a Judge, or has been a Judge, of the Supreme Court of Bangladesh, may be appointed as a Chairman or member of a Tribunal.”;

(খ) sub-section (2) এর নিম্নরূপ নূতন sub-section (2A) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“(2A) The tribunal shall be independent in the exercise of its judicial functions and shall ensure fair trial.”; এবং

(গ) sub-section (3) এ উল্লিখিত “Dacca” শব্দটির পরিবর্তে “Dhaka” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act XIX of 1973 এর section 10 এর সংশোধন**।—উক্ত Act এর section 10 এর sub-section (2) এ উল্লিখিত “English” শব্দটির পূর্বে “Bangla or” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

৬। **Act XIX of 1973 এর section 21 এর সংশোধন**।—উক্ত Act এর section 21 এর পরিবর্তে নিম্নরূপ section 21 প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“21. **Right of appeal.**—(1) A person convicted of any crime specified in section 3 and sentenced by a Tribunal shall have the right of appeal to the Appellate Division of the Supreme court of Bangladesh against such conviction and sentence.

(2) The Government shall have the right of appeal to the Appellate Division of the Supreme Court of Bangladesh against an order of acquittal.

(3) An appeal under sub-section (1) or (2) shall be preferred within sixty days of the date of order of conviction and sentence or acquittal.”।

আশফাক হামিদ  
সচিব।